

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail : bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

15 January 2013

Press Release

Embassy of Bangladesh continues its efforts for retaining US-GSP

As part of the Embassy's efforts to retain US-GSP, today, Ambassador Akramul Qader held two separate meetings with Congresswomen Betty McCollum and Congressman Adams Schiff. Besides, Deputy Chief of Mission Mr. Abdul Muhith called on Mr. Nicholas Dean, Senior Director for South Asia, National Security Staff, White House with the same agenda.

During the meetings with Congressmen, Ambassador Qader explained at length the possible catastrophic effects of GSP withdrawal, the harm it can cause to the Bangladesh's brand name and more importantly to the millions of women workers of the country. The Ambassador stressed that though Bangladesh's principal export item, i.e. readymade garments (RMG) is not covered under the GSP, Bangladesh's removal from the list of beneficiary countries would create serious branding concern for the country.

The Ambassador then enlightened the Congressmen on the initiatives of the Government to advance labour welfare which include, setting up task forces to implement safety and compliances in the factories, allowing collective bargaining by the workers in RMG and EPZs, enhancing skills, providing daily needs at a subsidized rate and so on. He noted that Bangladesh's factory compliance issue needs to be assessed in the light of socio-economic realities, people's per capita income, labors skills, cost of import goods, price of garment products in the retail stores and related issues. Referring to the recent tragic fire incident at Tazreen Fashions, the Ambassador mentioned that, it was purely an accident and the Government has taken all-out measures to compensate the victims' families and punish those responsible for such negligence.

Both the Congressmen paid serious attention to the Bangladesh Ambassador's briefing and assured that they would take up the issue at appropriate level of the US authorities so that the GSP issue is resolved taking Bangladesh's best interest into account.

In another meeting with Mr. Nicholas Dean, Mr. Abdul Muhith, Deputy Chief of Mission highlighted numbers of initiatives by the Bangladesh Government to address the labour compliance issue. Mr. Muhith informed the US high official that the concerned agencies in Bangladesh have been working together to come up with a concrete response to the AFL-CIO's latest petition. Mr. Dean, in response, expressed his appreciation of Bangladesh Government's positive intent and advised Bangladesh to formulate a time-bound and forward-looking proposal to improve labour situation. Mr. Dean assured of his support to the effect of Bangladesh's retention of GSP.

Contact: Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071, Fax: 202-244-2771\7830, e-mail: bdoot_pwash@yahoo.com

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail : bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

১৫ জানুয়ারী ২০১৩

প্রেস বিজ্ঞপ্তি

ইউএস-জিএসপি অব্যাহত রাখতে বাংলাদেশ দূতাবাসের প্রচেষ্টা

ইউএস-জিএসপি অব্যাহত রাখতে ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসের চলমান প্রচেষ্টার অংশ হিসেবে যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব আকরামুল কাদের আজ দুজন প্রভাবশালী কংগ্রেস সদস্য Betty McCollum এবং Adam Schiff এর সাথে পৃথক দুটি বৈঠকে মিলিত হন। পাশাপাশি মিশন উপ-প্রধান জনাব মুহাম্মদ আবদুল মুহিত একই বিষয়ে আলোচনার উদ্দেশ্যে হোয়াইট হাউজের দক্ষিণ এশিয়া বিষয়ক উর্ধ্বতন পরিচালক মিঃ নিকোলাস ডীন এর সাথে সাক্ষাৎ করেন।

বৈঠককালে রাষ্ট্রদূত আকরামুল কাদের জিএসপি সুবিধাপ্রাপ্ত রাষ্ট্রসমূহের তালিকা থেকে বাংলাদেশকে বাতিল করণের সম্ভাব্য ফলাফল সম্পর্কে কংগ্রেস সদস্যগণকে বিশদভাবে অবহিত করেন। তিনি জানান, জিএসপি সুবিধা তুলে নেয়া হলে বাংলাদেশের ব্যবসায়িক সুনাম ক্ষতিগ্রস্ত হওয়ার পাশাপাশি দেশটির লক্ষ লক্ষ নারী শ্রমিক কর্মহীন হয়ে পড়ায় আর্থ-সামাজিক ক্ষেত্রে বিপর্যয় নেমে আসার সম্ভাবনা রয়েছে। তিনি উল্লেখ করেন, যদিও বাংলাদেশের প্রধানতম রফতানী দ্রব্য তৈরী পোশাক জিএসপি সুবিধার আওতাভুক্ত নয় তা সত্ত্বেও জিএসপি সুবিধা তুলে নেয়া হলে তা বাংলাদেশের সার্বিক রফতানী বাণিজ্যে বড় ধরনের নেতিবাচক প্রভাব ফেলতে পারে।

আলোচনাকালে রাষ্ট্রদূত কংগ্রেস সদস্যগণকে সরকার কর্তৃক শ্রমিকদের কল্যাণে গৃহীত নানাবিধ পদক্ষেপ সম্পর্কে অবহিত করেন যেমন, কারখানার নিরাপত্তা সংক্রান্ত বিধি বিধান বাস্তবায়নে বিশেষ টাস্কফোর্স গঠন, তৈরী পোশাক শিল্প ও ইপিজেডে শ্রমিকদের সম্মিলিত দর কষাকষির অধিকার প্রদান, শ্রমিকদের দক্ষতা বৃদ্ধি, দৈনন্দিন ও নিত্য প্রয়োজনীয় সামগ্রী

শ্রমিকদেরকে বিশেষ ভর্তুকিকৃত মূল্যে সরবরাহ ইত্যাদি। রাষ্ট্রদূত বাংলাদেশের কারখানাসমূহের মান বিচারের ক্ষেত্রে দেশটির আর্থ-সামাজিক বাস্তবতা, জনগনের মাথাপিছু আয়, শ্রমিকদের দক্ষতা, আমদানী ব্যয়, তৈরী পোশাকের খুচরা মূল্য-ইত্যাদি বিষয়াদি বিবেচনায় রাখা আবশ্যিক বলে উল্লেখ করেন। এ সময় তিনি সম্প্রতি তাজরিন ফ্যাশন্স এ ঘটে যাওয়া মর্মান্তিক অগ্নিকাণ্ডের ঘটনার কথা উল্লেখ করে বলেন, এটি নিছকই একটি দুর্ঘটনা এবং বাংলাদেশ সরকার এ দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত শ্রমিকদের পরিবারবর্গকে যথাসাধ্য ক্ষতিপূরণ প্রদানের পাশাপাশি এ ঘটনার জন্য দায়ী ব্যক্তিদেরকে শাস্তি প্রদানের ব্যবস্থা গ্রহন করেছে।

উভয় কংগ্রেস সদস্য অত্যন্ত মনোযোগের সাথে বাংলাদেশের রাষ্ট্রদূতের বক্তব্য শুনে এবং বাংলাদেশের জন্য জিএসপি সুবিধা অব্যাহত রাখার বিষয়টি মার্কিন কর্তৃপক্ষের যথাযথ পর্যায়ে উত্থাপনের আশ্বাস দেন।

অন্যদিকে মিশন উপ-প্রধান জনাব মুহিত মার্কিন উর্ধ্বতন কর্মকর্তা নিকোলাস ডীন এর সাথে অনুষ্ঠিত বৈঠকে Labour Compliance বিষয়ে বাংলাদেশ সরকার কর্তৃক গৃহিত বিভিন্ন উদ্যোগ সম্পর্কে তাকে অবহিত করেন। এ সময় তিনি AFL-CIO কর্তৃক United States Trade Representative (USTR) এর নিকট দাখিলকৃত পিটিশনের জবাব প্রস্তুতকরণে বাংলাদেশের সংশ্লিষ্ট সংস্থাগুলোর সম্মিলিতভাবে কাজ করছে বলে জানান। জনাব নিকোলাস ডীন এ সময়ে আলোচ্য বিষয়ে বাংলাদেশ সরকারের ইতিবাচক মনোভাবের বিষয়টি আমলে নেন এবং বাংলাদেশের শ্রমিকদের মানউন্নয়নে নির্দিষ্ট সময়সীমাসহ বাস্তব ও কল্যাণমুখী একটি প্রস্তাবনা প্রণয়নের জন্য পরামর্শ দেন। বাংলাদেশের জন্য জিএসপি সুবিধা অব্যাহত রাখার ক্ষেত্রে তিনি সম্ভাব্য সকল সহায়তার আশ্বাস দেন।

যোগাযোগ : স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি ফোন : ২০২-২৪৪-৫০৭১, ফ্যাক্স : ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০ ই-মেইল : bdoot_pwash@yahoo.com